# জে এস সি পরীক্ষা - ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট — মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ জমিদার আতিকুর রহমানের মৃত্যুর পর ব্যবসা বাণিজ্যের এবং জমিদারির হাল ধরেন তারই পরিবারের সদস্য নাজিম। কিন্তু পারিবারিক এবং বহিরাগত বিরোধী শক্তির ষড়যন্ত্রে নাজিম দায়িত্ব ছেড়ে দিতে বাধ্য হয়। বহিরাগত বিরোধী শক্তি ক্ষমতা হাতে পেয়ে প্রজা সাধারণের উপর চরম অত্যাচার আরম্ভ করে।

ক. ইকলিম কাকে বলে? ১

খ. 'ওয়েস্টফালিয়ার চুক্তি সম্পাদিত হওয়ার ফলে বাণিজ্যের ক্ষেত্রে কী পরিবর্তন সাধিত হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত নাজিমের সাথে তোমার পাঠ্যবইয়ের কার সাথে মিল খুঁজে পাও? ব্যাখ্যা কর। ৩

ঘ. বহিরাগত শক্তি প্রজা সাধারণের উপর কীরকম শোষণ আরম্ভ করেছিল? বিশ্লেষণ কর। ৪

২. ★ দূর্গাপুরের মত একটি অজ পাড়াগাঁয়ে একদল ক্ষমতাশালী লোক নিজেদের প্রয়োজনে কিছু শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলে। আধুনিক শিক্ষার সংস্পর্শে এসে গ্রামের লোকজনের চিন্তা চেতনা পরিবর্তিত হতে থাকে। তারা নিজেদের ন্যায্য অধিকার সম্পর্কে সচেতন হয় এবং উক্ত ক্ষমতাশালী লোকদের নিজেদের এলাকা থেকে বিতাড়িত করতে সচেষ্ট হয়।

ক. মাৎস্যন্যায়ের যুগ কাকে বলে? ১

খ. ব্রিটিশ সরকার কীভাবে ভারতবর্ষে তাদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল খুঁজে পাও? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. উক্ত ঘটনার ফলাফল বিশ্লেষণ কর। 8

৩. ★ 'ক' দেশ | 'খ' দেশ

| 'ক' দেশ | 'খ' দেশ |
|---|---|
| সপ্তম নৌবহর প্রেরণ জাতিসংঘে কূটনৈতিক প্রচেষ্টা | গণহত্যার নিন্দা বিশ্ব জনমত গঠনে ভূমিকা |

ক. অপারেশন সার্চলাইট কাকে বলে? ১

খ. মুজিবনগর সরকার কীভাবে মুক্তিযুদ্ধকে সংগঠিত রূপ দিয়েছিল? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'ক' দেশের কাজগুলো মুক্তিযুদ্ধের সময় কোন দেশের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'খ' দেশের কাজগুলো বাংলাদেশের স্বাধীনতা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। উক্তিটি বিশ্লেষণ কর। 8

8.▶ দক্ষিণ এশিয়ার একটি দেশে পরাধীন জাতির নেতা জনগণের উদ্দেশ্যে ভাষণ দেন। এ ভাষণে তিনি শাসক শ্রেণির সকল কাজে অসহযোগিতার কথা বলেন এবং দেশ স্বাধীন করার নির্দেশনা দেন।

ক. মুক্তিফৌজ কাদের বলা হত? ১

খ. মুক্তিযুদ্ধের সময় গণমাধ্যমের অবদান ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন ভাষণের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ভাষণের প্রতি জনগণের প্রতিক্রিয়া বিশ্লেষণ কর। 8

৫. ★ রহমত মিয়া পোস্ট অফিসে চাকরি করেন। এখন তার অফুরন্ত অবসর। কারণ মানুষ আর আগের মত চিঠি লেখেনা। প্রয়োজনীয় কথাবার্তা মোবাইল ফোনেই সেরে নেয়। টাকাও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আসে।

ক. অবস্তুগত সংস্কৃতি কাকে বলে? ১

খ. বাঙালির প্রথম সাহিত্যকর্মের ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে বর্ণিত অবস্থা কোন পরিবর্তনকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত পরিবর্তনের সাথে উন্নয়নের সম্পর্ক আছে কী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। 8

৬.▶ শিক্ষাসফরে সামিরা একটি পার্কে যায়, যে পার্কের সাথে ব্রিটিশ শাসনামলের রোমহর্ষক ঘটনার ইতিহাস জড়িয়ে আছে। একটি রাজধানী

TeachingBD24.com

দেখতে যায়, সেখানকার বাড়িঘরের নির্মাণশৈলী তাকে মুগ্ধ করে। সামিরা মনে করে এগুলো আমাদের ইতিহাস ও ঐতিহ্যকে ধারণ করে আছে। তাই এগুলোর সংস্কার ও সংরক্ষণ করা জরুরি।

ক. নাটোরের দিঘাপতিয়ার জমিদারের প্রাসাদের বর্তমান নাম কী? ১
খ. প্রত্নসম্পদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন পার্কের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সামিরার শেষোক্ত উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭.▶ আবীর পড়ালেখা, যোগাযোগ, কেনাকাটা সব কিছুর জন্য ইন্টারনেটের উপর নির্ভরশীল। উচ্চ শিক্ষা লাভের জন্য সে একটি উন্নত দেশে গেলে সেখানের খাবার ও জীবন-যাপনের সাথে সহজেই অভ্যস্ত হতে পারে। আবীর মনে করে বিশ্বায়ন ও সামাজিকীকরণ পাশাপাশি চলে।

ক. ই-কমার্স কাকে বলে? ১
খ. সমবয়সী সঙ্গী কীভাবে শিশুর সামাজিকীকরণকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আবীরের সামাজিকীকরণের কোন উপাদানের প্রভাব লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিশ্বায়ন ও সামাজিকীকরণ কীভাবে পাশাপাশি চলে? বিশ্লেষণ কর। ৪

৮. ★ নিয়াজ গাড়ি ড্রাইভিং এর প্রশিক্ষণ নিয়ে মধ্যপ্রাচ্যের একটি দেশে চাকরিতে যোগদান করে। সে প্রতিমাসে দেশে টাকা পাঠায়। তার পরিবারের আর্থিক অভাব-অনটন দূর হয়। অন্যদিকে তার মা বাড়ির পাশে একখণ্ড জমিতে শাকসবজি ও তরিতরকারির চাষ করে নিজেদের প্রয়োজন মিটিয়ে বাজারেও বিক্রি করে।

ক. মানবসম্পদ কাকে বলে? ১
খ. দারিদ্র্যের দুষ্টচক্র কীভাবে উন্নয়নে বাধা? ২
গ. উদ্দীপকে উল্লিখিত নিয়াজের মায়ের কাজটি জাতীয় আয়ের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিয়াজের পাঠানো অর্থ কীভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখছে? বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৯.▶ আজমল হোসেন রসুলপুর গ্রামের একজন নির্বাচিত চেয়ারম্যান। তিনি এলাকার উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করেন। বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা করেন।

ক. একনায়কতন্ত্র কাকে বলে? ১

খ. জাতীয়তাবাদ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত আজমল হোসেন কোন স্থানীয় সরকারের প্রতিনিধি? ব্যাখ্যা কর। ৩

ঘ. গ্রামীণ উন্নয়নে আজমল হোসেনের গৃহীত কাজগুলো কি যথেষ্ট? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ তথ্য-১ - জাতীয় নির্বাচনে আনসার উদ্দীন রূপগঞ্জ আসন থেকে জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হয়ে একটি প্রতিষ্ঠানের সদস্য হন।

তথ্য-২- আরেফীন খান রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগ পেয়ে দেশের প্রচলিত আইন অনুসারে বিচার কাজ পরিচালনা করেন।


ক. এককেন্দ্রিক সরকার কাকে বলে? ১

খ. স্থানীয় সরকার ব্যবস্থা প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত তথ্য-১ এ কোন প্রতিষ্ঠানকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তথ্য-২ এ নির্দেশিত প্রতিষ্ঠানের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

১১.▶



ক-চিত্র

১. গ্রিন হাউস গ্যাস
২. কালো ধোঁয়া
৩. বন উজাড়

খ-চিত্র

ক. দুর্যোগ কাকে বলে? ১

খ. সুনামি কেন হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ক চিত্রে নির্দেশিত অবস্থার ব্যাখ্যা করো। ৩

ঘ. ক ও গ চিত্রের মধ্যে সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ছিয়াত্তরের মন্বন্তর বাংলা কত সালে হয়েছিল?
ক) ১১৭৬ খ) ১২৭৬
গ) ১৩৭৬ ঘ) ১৪৭৬

২. ★ ইংরেজদের এদেশে শিক্ষা বিস্তারের উদ্দেশ্য ছিল—
ক) বাণিজ্য বিস্তার করা
খ) জনগণকে শিক্ষিত করা
গ) আয় বৃদ্ধি করা
ঘ) শাসন স্থায়ী করা

৩. কে বারো ভূঁইয়াদের মধ্যে সবচেয়ে শক্তিশালী ছিলেন?
ক) মুসা খান খ) প্রতাপাদিত্য
গ) ঈসা খান ঘ) শায়েস্তা খান

৪. যৌথবাহিনীর সর্বাধিনায়ক কে ছিলেন?
ক) জেনারেল স্যাম মানেকশ
খ) জগজিৎ সিং অরোরা
গ) কর্নেল (অব) আবদুর রব
ঘ) এম. এ. জি ওসমানী

৫. বাংলাদেশের মানচিত্র খচিত জাতীয় পতাকা প্রথম উত্তোলিত হয় কত তারিখে?
ক) ২ রা মার্চ ১০৭১
খ) ২ রা এপ্রিল ১৯৭১
গ) ২৬ শে মার্চ ১৯৭১
ঘ) ১৬ই ডিসেম্বর ১৯৭১

৬. মুজিবনগর সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে বিশেষ দূত নিয়োগ করার কারণ—
i. অস্ত্র সংগ্রহ
ii. যুদ্ধের পক্ষে জনমত গঠন
iii. বিদেশি সমর্থন আদায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. ★ সুনামির গতিবেগ ঘণ্টায় কত কিলোমিটার হতে পারে?
ক) ৫০০ থেকে ৭০০
খ) ৮০০ থেকে ১৩০০
গ) ৭০০ থেকে ১২০০
ঘ) ৮০০ থেকে ১২০০

৮. কাজী নজরুল ইসলাম কত হাজার গান লিখেছেন?
ক) প্রায় তিন হাজার খ) প্রায় চার হাজার
গ) প্রায় পাঁচ হাজার ঘ) প্রায় ছয় হাজার

৯. ★ কোন কাপড় নিয়ে বহু কাহিনী বা কিংবদন্তির সৃষ্টি হয়েছিল?
ক) জামদানি খ) সিল্ক
গ) মসলিন ঘ) টাঙ্গাইল

১০. সাংস্কৃতিক ব্যাপ্তি অনেক বেড়ে গেছে—
i. বিশ্বায়নের ফলে
ii. সামাজিক প্রেক্ষাপটে
iii. প্রযুক্তির উন্নতিতে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব রহিম অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে বুড়িগঙ্গার তীরে একটি প্রাচীন ভবন দেখতে নিয়ে যান। সে ভবনে শিক্ষার্থীরা জাঁকজমকপূর্ণ জীবনযাপনের অনেক নিদর্শন দেখতে পায়।

১১. জনাব রহিম শিক্ষার্থীদের নিয়ে কোন ভবনে গিয়েছিলেন?
ক) জাতীয় যাদুঘর খ) আহসান মঞ্জিল
গ) উত্তরা গণভবন ঘ) ময়মনসিংহ যাদুঘর

১২. ★ শিক্ষার্থীদের নিয়ে এরূপ ভবন পরিদর্শনে যাওয়ার কারণ—
i. প্রাচীন ঐতিহ্যকে পরবর্তীতে বংশধরদের কাছে পৌছানো
ii. ইতিহাস সম্পর্কে জ্ঞানদান
iii. প্রাচীন আসবাবপত্র দেখানো
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. ঢাকা শহরের স্থাপত্য নিদর্শন হচ্ছে—
ক) পানামানগর খ) বাহাদুর শাহ পার্ক
গ) শশীলজ ঘ) সরদার বাড়ি

১৪. জনগণের কাছে সংবাদ, মতামত ও বিনোদন পরিবেশনের মাধ্যম কোনটি?
ক) সংবাদপত্র খ) ই-মেইল
গ) গণমাধ্যম ঘ) ফেসবুক

১৫. ★ ব্যক্তির বুদ্ধিবৃত্তি, সুকুমার বৃত্তি ও সৌন্দর্যবোধকে জাগ্রত করে কোনটি?
ক) সমবয়সী সঙ্গী
খ) শিক্ষাপ্রতিষ্ঠান
গ) টেলিভিশন
ঘ) স্থানীয় সমাজের উপাদান

Teachingbd24.com

১৬. কোন ক্ষেত্রে বিশ্বায়নের প্রভাব অনেক?
(ক) শিক্ষা সংস্কৃতির (খ) ভাব বিনিময়ের
(গ) সমাজ সংস্কৃতির (ঘ) সভা সমিতির

১৭. গ্রামীণ অর্থনীতিতে নিরাপত্তা বেষ্টনী তৈরি করা হয়েছে কীভাবে?
i. প্রতিরক্ষা বাহিনী নিয়োগের মাধ্যমে
ii. নগদ ভাতা প্রদানের মাধ্যমে
iii. বিনামূল্যে খাদ্য প্রদানের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. মানব উন্নয়ন সূচকে ২০১৪ সালে বাংলাদেশের অবস্থান কত?
(ক) ১৪০ তম (খ) ১৪১তম
(গ) ১৪২ তম (ঘ) ১৪৩তম

১৯. ★ জনগণের আয় বৃদ্ধি পেলে কী বৃদ্ধি পায়?
(ক) জীবন যাত্রার মান (খ) উৎপাদন
(গ) রেমিটেন্স (ঘ) মাথা পিছু ব্যয়

২০. আমরা কীভাবে জাতীয় আয় বৃদ্ধি করতে পারি?
i. জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করে
ii. দারিদ্র্যতা দূরীকরণের মাধ্যমে
iii. কৃষি, শিল্প, সেবাখাতে প্রযুক্তি ব্যবহার করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**
মোশারফ সাহেব শ্যামনগর ইউনিয়নের একজন চেয়ারম্যান। তিনি এলাকার উন্নয়নের জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেন। তিনি কিছু বিচার সংক্রান্ত কাজও করেন।

২১. ★ মোশারফ সাহেব যে প্রতিষ্ঠানের চেয়ারম্যান সে প্রতিষ্ঠানের সদস্য সংখ্যা কত?
(ক) ১০ জন (খ) ১১ জন
(গ) ১২ জন (ঘ) ১৩ জন

২২. ★ তিনি বিচার সংক্রান্ত কী ব্যবস্থা নিতে পারেন?
(ক) শাস্তির বিধান দেওয়া
(খ) পুলিশ প্রশাসন গঠন
(গ) ছোট-খাটো বিবাদ নিষ্পত্তি করা
(ঘ) নিজস্ব বাহিনী গঠন

২৩. বর্তমানে বাংলাদেশে কেমন সরকার বিদ্যমান?
(ক) রাষ্ট্রপতি শাসিত (খ) মন্ত্রিপরিষদ শাসিত
(গ) এককেন্দ্রিক (ঘ) একনায়কতান্ত্রিক

২৪. কত তারিখ সংবিধানের সর্বশেষ সংশোধনী গৃহীত হয়?
(ক) ১১ই মার্চ ২০১২
(খ) ১১ই আগস্ট ২০১৩
(গ) ২২ শে সেপ্টেম্বর ২০১৪
(ঘ) ১৫ই ডিসেম্বর ২০১৫

২৫. কত নম্বর বিপদ সংকেত শোনার পর শিশু, বৃদ্ধ, মহিলা ও প্রতিবন্ধীদের আশ্রয়কেন্দ্রে পাঠিয়ে দিতে হবে?
(ক) ২ নং (খ) ৩ নং
(গ) ৪ নং (ঘ) ৫ নং

২৬. বৈশ্বিক উষ্ণতা বাংলাদেশের পরিবেশের উপর কীরূপ প্রভাব ফেলবে?
(ক) জনসংখ্যা হ্রাস পাবে
(খ) মিঠা পানির মাছ বাড়বে
(গ) পাহাড় পর্বত কমে যাবে
(ঘ) অনেক জীব বিলুপ্ত হবে

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
বর্ষাকালে প্রায়শই বাংলাদেশের কোনো কোনো জায়গায় মাটি চাপা পড়ে মানুষ মারা যায়।

২৭. উদ্দীপকের দুর্ঘটনাকে কোন দুর্যোগের সাথে সম্পর্কিত করা যায়?
(ক) দাবানল (খ) সুনামি
(গ) ভূমিধস (ঘ) ভূমিকম্প

২৮. এ ধরনের দুর্যোগ কোন এলাকায় ঘটার সম্ভাবনা রয়েছে?
(ক) নদী অববাহিকায়
(খ) পাহাড়ী এলাকায়
(গ) ভূমিকম্প প্রবণ অঞ্চলে
(ঘ) বনাঞ্চলে

২৯. বাংলাদেশ ২০০৯ সালে উপকূলীয় জনগোষ্ঠীর একটি বিরাট অংশ বিপর্যয়ের সম্মুখীন হয়?
(ক) সিডর (খ) ঘূর্ণিঝড়
(গ) মহাসেন (ঘ) আইলা

৩০. ★ কোনো দেশের মোট আয়তনের শতকরা কতভাগ বনভূমি থাকা প্রয়োজন?
(ক) ২৫ ভাগ (খ) ২০ বাঘ
(গ) ১৫ ভাগ (ঘ) ৫ ভাগ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক |

https://teachingbd24.com